শাবিপ্রবিতে উদ্ভূত পরিস্থিতি: সমাধানের আশ্বাস পররাষ্ট্রমন্ত্রীর

চেম্বার ডেস্ক:

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর পুলিশের হামলা এবং উপাচার্যের পদত্যাগের দাবিতে উদ্ভূত পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে সমাধানের আশ্বাস দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন।

সোমবার (১৭ জানুয়ারি) রাত পৌনে ১২টায় বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের তিন প্রতিনিধি ইয়াসির সরকার, সাব্বির আহমেদ, তানহা তাহসীন এ বিষয়টি নিশ্চিত করেন।

এ সময় উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা (পিও) শফিউল আলম জুয়েল। শিক্ষার্থীদের তিন প্রতিনিধি তার মাধ্যমে ফোনে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা বলেন বলে জানান।

তারা জানান, পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলাপকালে তিনি আমাদের সব কথা শুনেছেন। তার কাছে উপাচার্যের পদত্যাগের দাবির বিষয়টি উল্লেখ করেছি এবং বর্তমান উপাচার্যের অধীনে আমরা আর একদিনও পড়াশোনা করতে চাই না- এ বিষয়টিও উল্লেখ করি। আমরা উপাচার্যের পদত্যাগের আগ পর্যন্ত আমাদের কর্মসূচি চালিয়ে যাব বলে জানিয়েছি।

আমাদের তিনি উপাচার্যের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে সমাধানের আশ্বাস দেন। এ সময় তিনি আমাদের কোনো ধরনের বিশৃঙ্খলা না করার আহ্বান জানান।

শফিউল আলম জুয়েল বলেন, পররাষ্ট্রমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে অবগত হয়েছেন। তিনি পররাষ্ট্রমন্ত্রীর বরাত দিয়ে বলেন, আন্দোলনে আহত শিক্ষার্থীদের চিকিৎসার দায় তিনি নেবেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের আশপাশে নিয়োজিত পুলিশ সদস্যদের

সরিয়ে নেওয়ারও ব্যবস্থা করবেন।